

প্রেস রিলিজ

দেশের বন্যাদুর্গত উত্তর পূর্বাঞ্চলের তিন জেলায় এ পর্যন্ত ১১৬৬ টি মোবাইল নেটওয়ার্ক সাইট সচল

ঢাকা, ২৩ জুন, ২০২২।

মোবাইল নেটওয়ার্কঃ

বন্যাদুর্গত সিলেটের বিভিন্ন অঞ্চলের অধিবাসীদের সার্বিক সহায়তা প্রদানে মোবাইল নেটওয়ার্ক সম্পূর্ণরূপে সচল রাখার উদ্দেশ্যে সকল অপারেটরদের অক্লান্ত পরিশ্রমে বর্তমানে সিলেট, সুনামগঞ্জ, নেত্রকোনা এই তিনটি জেলায় মোট ২,৫২৮টি সাইটের মধ্যে ১,১৬৬ টি অচল সাইট সচল করা হয়েছে। তবে বর্তমানে উক্ত অঞ্চলে ৫১২ টি সাইট বিদ্যুৎ-বিচ্ছিন্ন হয়ে নেটওয়ার্কের আওতাভুক্ত রয়েছে যা অতিদ্রুত সচল হবে বলে আশা করা যাচ্ছে।

আইএসপিঃ

সিলেট, সুনামগঞ্জ, নেত্রকোনাসহ সিলেট বিভাগের অন্যান্য এলাকাসমূহে বিভিন্ন ক্যাটাগরির মোট ১০৫টি আইএসপি অপারেটরদের সেবা প্রদান করে আসছে। উক্ত এলাকাসমূহে আইএসপি অপারেটরদের ৩৭৫টি Point of Presence (PoP) রয়েছে। তিনটি এলাকায় চলমান বন্যা পরিস্থিতির চরম অবনতি হওয়ায় উল্লেখিত আইএসপি অপারেটরদের নেটওয়ার্ক অপারেশন সংক্রান্ত স্থাপনাসমূহ প্রাণিত ও বিদ্যুৎ-বিচ্ছিন্ন হয়ে পড়েছে। যার প্রেক্ষিতে বর্ণিত এলাকাসমূহে ইন্টারনেট সংযোগ প্রাপ্তিতে সাময়িকভাবে প্রতিবন্ধকতা দেখা দেয়। বর্তমানে ৩৭৫ টি PoP-এর মধ্যে ৩৪১টি PoP কার্যকর রয়েছে এবং বন্যা পরিস্থিতির কারণে ৩৪টি PoP অকার্যকর রয়েছে। যেসকল PoP সমূহে প্রবেশ করা যাচ্ছে সেসকল PoP পোর্টেবল জেনারেটর দিয়ে পরিষেবা প্রদান করা হচ্ছে।

এনটিটিএনঃ

সিলেট, সুনামগঞ্জ ও নেত্রকোনা জেলায় এনটিটিএন অপারেটরদের মধ্যে বাহন লি: এর ২৯টি পিওআই রয়েছে, যার মধ্যে সবগুলো পিওআই এ্যাকটিভ রয়েছে এবং ফাইবার এট হোম লি: এর মোট ৫৭টি পপের মধ্যে সবগুলো পপই এ্যাকটিভ রয়েছে। অন্যদিকে এনটিটিএন অপারেটরদের মধ্যে সামিট কমিউনিকেশনস লিমিটেডের মোট ২৬২টি পয়েন্ট অব প্রেজেন্স (PoP) রয়েছে। বর্তমানে প্রতিষ্ঠানটির মোট এ্যাকটিভ পপের সংখ্যা ২০৫টি অর্থাৎ এ্যাকটিভ পপের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। উল্লেখিত সকল অপারেটর প্রতিকূল পরিস্থিতি মোকাবেলা করে নিরবচ্ছিন্ন সংযোগ প্রদানের জন্য কাজ করে যাচ্ছে।

বিটিসিএলঃ

আজ ২২ জুন ২০২২ এ সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ, তাহেরপুর, বিশ্বম্ভরপুর উপজেলায় বিটিসিএল এর টেলিযোগাযোগ ব্যবস্থা সচল করা সম্ভব হয়েছে। উল্লেখ্য যে, মৌলভীবাজার জেলার জুরি উপজেলায় বিটিসিএল এর টেলিযোগাযোগ ব্যবস্থা সচল করা সম্ভব হয়েছে। বিটিসিএল এর সংশ্লিষ্ট দপ্তর অন্যান্য এলাকাসমূহে নেটওয়ার্কিং ব্যবস্থা স্বাভাবিক করণের জন্য তাদের প্রচেষ্টা অব্যাহত রেখেছেন এবং নিরলসভাবে কাজ করে যাচ্ছেন।

বিটিআরসি কর্তৃক গঠিত মনিটরিং সেলের সরেজমিন কার্যক্রম

বন্যাকবলিত স্থানসমূহের টেলিযোগাযোগ সেবা ব্যবস্থার সার্বিক পরিস্থিতি সার্বক্ষণিক মনিটরিং-এর উদ্দেশ্যে বিটিআরসি হতে একটি মনিটরিং সেল গঠন করা হয়েছে। মনিটরিং সেল দুর্যোগকবলিত স্থানে টেলিযোগাযোগ ব্যবস্থা পুনরায় সচলের জন্য সকল অপারেটরদের সাথে সার্বিক সমন্বয়ের উদ্দেশ্যে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। উক্ত কার্যক্রমের অংশ হিসেবে গঠিত মনিটরিং সেলের প্রতিনিধি সিলেট অঞ্চলে সরেজমিনে পরিদর্শন ও সমন্বয় সাধন সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম নিবিড়ভাবে পরিচালনা করছেন।

প্রাপক (সদয় কার্যার্থে):

১। উপ-মহাপরিচালক (বার্তা)

বাংলাদেশ টেলিভিশন এবং

২। সম্পাদক/ প্রধান বার্তা সম্পাদক, দৈনিক সংবাদপত্র;

২৬ এবং নিউজ/ চীফ নিউজ এডিটর;

বার্তা সংস্থা/ টেলিভিশন চ্যানেল/রেডিও চ্যানেল;

অনলাইন নিউজ, ঢাকা, বাংলাদেশ।

বিতরণ (সদয় অবগতির জন্য):


১। সচিব, বিটিআরসি।

২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য), বিটিআরসি।

৩। ভাইস চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য), বিটিআরসি।

৪। অফিস কপি।

অনুরোধক্রমে

  
২৩/০৬/২০২২  
মো: জাকির খান  
উপ-পরিচালক

মিডিয়া কমিউনিকেশন এন্ড পাবলিকেশন উইং  
বিটিআরসি

যোগাযোগঃ ০২৫৫২২০২৮৪০

Email: zakirkhan@btrc.gov.bd